

## শ্রীরামকৃষ্ণ-আরাত্রিক ভজন

মিশ্র -- চৌতাল

খন্ডন-ভব-বন্ধন, জগ-বন্দন বন্দি তোমায়।  
নিরঞ্জন, নররূপধর, নির্ভুগ, গুণময়।।  
মোচন-অঘদূষণ<sup>১</sup> জগভূষণ, চিদঘনকায়।  
জ্ঞানাজ্ঞান-বিমল-নয়ন বীক্ষণে মোহ যায়।।  
ভাস্বর ভাব-সাগর চির-উন্মদ প্রেম-পাথার।  
ভক্তার্জন-যুগলচরণ, তারণ-ভব-পার।।  
জুস্তিত-যুগ-ঈশ্বর<sup>২</sup>, জগদীশ্বর, যোগসহায়।  
নিরোধন, সমাহিত মন, নিরখি তব কৃপায়।।  
ভঞ্জন-দুঃখগঞ্জন<sup>৩</sup>, করুণাঘন, কর্মকঠোর<sup>৪</sup>।  
প্রাণার্পণ-জগত-তারণ, কৃন্তন-কলিডোর<sup>৫</sup>।।  
বধুণ-কামকাঞ্চন, অতিনিন্দিত-ইন্দ্রিয়-রাগ।  
ত্যাগীশ্বর, হে নরবর, দেহ পদে অনুরাগ।।  
নির্ভয়, গতসংশয়, দৃঢ়নিশ্চয়মানসবান।  
নিষ্কারণ-ভকত-শরণ, ত্যজি জাতিকুলমান<sup>৬</sup>।।  
সম্পদ তব শ্রীপদ, ভব গোপ্পদ-বারি যথায়।  
প্রেমার্পণ, সমদরশন, জগজন-দুঃখ যায়।।

[পূর্বে এই ভজনটি নিম্নলিখিতভাবে রচিত হইয়াছিল; পরে স্বামীজী উহার পূর্বোক্তরূপে পরিবর্তন করেন।]

খন্ডন-ভব-বন্ধন, জগ-বন্দন বন্দি তোমায়।  
নিরঞ্জন, নররূপধর, নির্ভুগ, গুণময়।।  
নমো নমো প্রভু বাক্যমনাতীত  
মনোবচনৈকাধার,  
জ্যোতির জ্যোতি উজল হৃদিকন্দর  
তুমি তমভঞ্জনহার<sup>৭</sup>।  
ধে ধে ধে, লঙ্গ রঙ্গ ভঙ্গ, বাজে অঙ্গ সঙ্গ মৃদঙ্গ,  
গাইছে ছন্দ ভকতবৃন্দ, আরতি তোমার।।

<sup>১</sup> মানুষকে দূষিত করে এমন যে সকল অঘ অর্থাৎ পাপ, তাহা যিনি মোচন করেন।

<sup>২</sup> যিনি যুগের ঈশ্বররূপে প্রকাশিত

<sup>৩</sup> যিনি দুঃখের গঞ্জনকে দূর করিয়াছেন

<sup>৪</sup> কর্মবীর

<sup>৫</sup> যিনি কলির বন্ধনকে ছেদন করিয়াছেন

<sup>৬</sup> জাতি-কুল-মান না দেখিয়া যিনি বিনা কারণে ভক্তকে আশ্রয়দান করেন

<sup>৭</sup> অজ্ঞানদূরকারী